



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Honours Professional Admission 2025-2026

স্মারক নং- ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৬/৩৪৫৫

তারিখ: ০৭/০৪/২০২৬

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময়
বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

আবেদনের সর্বশেষ তারিখ: ২৭ এপ্রিল ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ২৭ এপ্রিল ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হলো। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ২৮ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Honours Professional অপশনে গিয়ে Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং- ১০(২২৬) জাতীঃবিঃ/ রেজিঃ/ অ্যাকাঃ/ ২০১৮/ ২০২৬/৩৩৭৪, তারিখ: ২৩/১২/২০২৫ এ প্রকাশিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের সর্বশেষ তারিখ:	২৭/০৪/২০২৬
খ)	আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার সর্বশেষ তারিখ:	২৮/০৪/২০২৬
গ)	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ:	২৯/০৪/২০২৬
ঘ)	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Honours Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	৩০/০৪/২০২৬ থেকে ০৬/০৫/২০২৬

ভাইস-চ্যান্সেলর মহোদয় এর অনুমোদনক্রমে

০৭.০৪.২০২৬

(ড. মো. আশেক কবির চৌধুরী)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮

তারিখ: ০৭/০৪/২০২৬

স্মারক নং- ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৬/৩৪৫৫

অনুলিপি:

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

০৭.০৪.২০২৬

(মোঃ মাহবুবুর রহমান)

সহকারী রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

টেলিফোন: ০২৯৬৬৯১৫৬৮

ই-মেইল: adm.hons@nu.ac.bd